

ফতওয়া নং ৪২৪

প্রশ্ন:

আমার প্রশ্ন হল আমাদের মসজিদে কাজের জন্য কিছু রড বালি ইত্যাদি কেনা আছে মসজিদের কাজ হতে বেশ কিছুদিন বিলম্ব হবে তাই একজন এগুলো ধার হিসেবে নিতে চাইছে যখন মসজিদের কাজ হবে তখন আবার এগুলো কিনে দিয়ে দিবে তাই এই মসজিদের জিনিসগুলো ধার দেওয়া যাবে কিনা ? তিনি জুমার দিনে সকলের সম্মতি নিয়ে নিতে চাইছেন সকলের সম্মতিতে এটা দেওয়া যাবে কি ?

উত্তর:

প্রশ্নের বিবরণ অনুযায়ী, উক্ত রড ইত্যাদি ফেলে রাখার চেয়ে ধার দিলে যদি মসজিদের সম্পদের বেশি হেফাজত হয়, মসজিদের প্রয়োজনে যথা সময়ে পরিশোধ নিশ্চিত হয়, মসজিদের স্বার্থ কোনো ভাবেই ক্ষুণ্ণ না হয়, তাহলে মসজিদের সম্পদ-হিফাজতের উদ্দেশ্যে উহা ধার দেওয়া জাইয হবে। (আল বাহরুররইক ৫/২৫৯)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৭ ষিলহজ্জ, ১৪৪৫ হিজরী (05/07/2024)